



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পুলিশ
উপ-পুলিশ কমিশনার
গোয়েন্দা বিভাগ (ডিবি) এর কার্যালয়
রংপুর মেট্রোপলিটন পুলিশ, রংপুর



তাং-২১/১০/২০২১খ্রিঃ

প্রেস রিলিজ

রংপুর মেট্রোপলিটন পুলিশের গোয়েন্দা বিভাগ (ডিবি) কর্তৃক ১০ লিটার চোলাই মদ ও ৪০ বোতল ফেন্সিডিল উদ্ধারসহ গ্রেফতার ২



ঘটনা-১



ঘটনা-২

গোপন সংবাদে ভিত্তিতে গোয়েন্দা বিভাগ (ডিবি)র উপ-পুলিশ কমিশনার জনাব কাজী মুত্তাকী ইবনু মিনান মহোদয়ের নির্দেশনায় ও সার্বিক তত্ত্বাবধানে, অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার (ডিবি) জনাব মোঃ সাজ্জাদ হোসেন এর অপারেশন পরিকল্পনায় গত ২০/১০/২০২১ খ্রি. রাতে রংপুর মহানগরীর কোতয়ালী থানা এলাকায় মাদক বিরোধী অভিযান পরিচালনা করে ১০ লিটার চোলাই মদ ও ৪০ বোতল ফেন্সিডিল উদ্ধারসহ ২ জনকে গ্রেফতার করা হয়।

- ১ম অভিযানে পুলিশ পরিদর্শক (নিঃ) জনাব মোঃ ছালেহ আহাম্মদ পাঠান এর নেতৃত্বে এসআই (নিঃ) তছলিম উদ্দিন আহমেদ, এসআই (নিঃ) মোঃ বাবুল ইসলাম এবং সঙ্গীয় অফিসার ও ফোর্সসহ রংপুর মেট্রোপলিটন এলাকার কোতয়ালী থানাধীন ২৭ নং ওয়ার্ডস্থ স্টেশন বাজার মুসলিমপাড়া পোস্ট অফিসের সামনে চলাচলের পাকা রাস্তার উপর থেকে ১০ লিটার চোলাই মদ উদ্ধারসহ আসামী মোঃ গোলাম রসুল (৪৮), পিতা- মৃত জালাল উদ্দিন, মাতা- মোছাঃ রেজিয়া বেগম, সাং- আলম নগর পীরপুর, ওয়ার্ড- ২৭, থানা- কোতয়ালী, রংপুর মহানগর, রংপুর-কে গ্রেফতার করা হয়।
- ২য় অভিযানে পুলিশ পরিদর্শক (নিঃ) জনাব মোঃ মোস্তাফিজুর রহমান এর নেতৃত্বে এসআই (নিঃ) মোঃ আবু ছাইয়ুম তালুকদার এবং সঙ্গীয় অফিসার ও ফোর্সসহ রংপুর মেট্রোপলিটন কোতয়ালী থানাধীন ১৯ নং ওয়ার্ডস্থ মেডিকেল পূর্বগেট টুটুল এর গ্যারেজের সামনে পাকা রাস্তার উপর ধৃত আসামী মোঃ আরিফ হোসেন (২৪), পিতা-মোঃ আমজাদ হোসেন, মাতা- মোছাঃ আরজিনা, সাং-মুন্সি পাড়া (কবরস্থান সংলগ্ন), থানা- কোতয়ালী, রংপুর মহানগর, রংপুর এর হেফাজত হতে নেশা জাতীয় মাদকদ্রব্য ৪০ (চল্লিশ) বোতল ফেন্সিডিল উদ্ধারসহ তাকে গ্রেফতার করা হয়।

উক্ত অভিযানে গ্রেফতারকৃত আসামীদের বিরুদ্ধে কোতয়ালী থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন-২০১৮ এর অধীন পৃথক ০২টি মামলা দায়ের করা হয়।

উল্লেখ্য যে, রংপুর মেট্রোপলিটন এলাকায় সকল প্রকার অপরাধ দমন ও মাদক দ্রব্য নিয়ন্ত্রণে রংপুর মেট্রোপলিটন পুলিশ এর গোয়েন্দা বিভাগ (ডিবি)র অভিযান অব্যাহত থাকবে।

২১.১০.২০২১

(মোঃ সাজ্জাদ হোসেন)
অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার
(ডিবি এন্ড মিডিয়া)
পক্ষে/পুলিশ কমিশনার
রংপুর মেট্রোপলিটন পুলিশ, রংপুর
মোবাইল-০১৩২০-০৭৩৬৬১